গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা
www.sylhetdiv.gov.bd

নম্বর ০৫.৪৬.০০০০.০০৪.১১.০০২.১৭.৯৮২ তারিখ: ১৫ আশ্বিন ১৪৩০ / ৩০ সেপ্টেম্বর ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত সিলেট বিভাগের আওতাধীন সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ এবং মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে (http://divsl.teletalk.com.bd) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নম্বর | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | গাড়ী চালক<br>গ্রেড-১৬<br>৯,৩০০-২২,৪৯০/- | ০৬<br>(ছয়) টি | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) বিআরটিএ কর্তৃক বৈধ লাইসেন্সসহ, ক্ষেত্রমত, হালকা বা ভারী যানবাহন চালনায় পারদর্শী হতে হবে। |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে :

(১) প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তি জারির তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাগণের পুত্র/কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত বয়স শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(২) এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে বিভাগীয় কমিশনার অফিসের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ অনুসরণ করা হবে।

(৩) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে নাগরিকত্ব সনদে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

(৪) আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

(৫) নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের জন্য নিয়োগ বিধি মতে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল ব্যবহারিক পরীক্ষায় ও পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

(৬) চাকুরির জন্য আবেদন অনলাইনে আগামী ০৮ অক্টোবর ২০২৩ তারিখ সকাল ১০:০০ টা হতে ০৭ নভেম্বর ২০২৩ তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত দাখিল করা যাবে। অফিসে সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি/ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

(৭) লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা:

(i) সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র।

(ii) সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

(iii) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ।

(iv) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(v) চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র।

(vi) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৮ অক্টোবর ২০২০

তারিখের ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ নম্বর পরিপত্র মোতাবেক প্রদত্ত মুক্তিযোদ্ধা প্রমাণপত্র ও অন্যান্য সনদপত্র।

(vii) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/পিতামহ/মাতামহের বীর মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর সত্যায়িত কপি এবং বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র-কন্যা হলে, সে ক্ষেত্রে প্রমাণ স্বরূপ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র /কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(viii) অন্যান্য কোটা যেমন প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন/সনদপত্র।

(ix) Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি ও প্রবেশপত্র।

(৮) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৯) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

(১০) অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://divsl.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৮ অক্টোবর ২০২৩, সকাল- ১০:০০টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের সর্বশেষ তারিখ ও সময়: ০৭ নভেম্বর ২০২৩, বিকাল- ০৫:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে Teletalk pre-paid mobile এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB এবং স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে আবেদন ফি ২০০/- টাকা + Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- টাকাসহ সর্বমোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS : DIVSL<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: DIVSL ABCDEF

Reply: Applicant's Name, Tk 223.00/112.00 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DIVSL<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS : DIVSL<space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: DIVSL YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DIVSL Application for post XXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://divsl.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS- এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: DIVSL <space>Help<space>User<space>User ID & Send to 16222
Example: DIVSL Help User ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে: DIVSL<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222
Example: DIVSL Help PIN 12345678 & send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও এ কার্যালয়ের ওয়েবসাইট www.sylhetdiv.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/divsl ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.sylhetdiv.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা divcomsylhetestablish@gmail.com ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject-এ Organization Name: DIVSL, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. ডিক্লারেশনঃ প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুনীর্তির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(১১) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম অথবা কম্পিউটার দোকানদার থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(১২) নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.sylhetdiv.gov.bd ওয়েব সাইট হতে জানা যাবে।

(১৩) আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৪) বিজ্ঞাপনে উল্লিখিত পদ/ পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়ণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

(১৫) নিয়োগের ক্ষেত্রে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জন- এর স্বাস্থ্যগত প্রত্যয়ন সন্তোষজনক হতে হবে।

(১৬) আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

(১৭) নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৩০/৯/২০২১
আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি
বিভাগীয় কমিশনার
ফোন: ০২৯৯৬৬৪৩২৬৬
ইমেইল: divcomsylhet@mopa.gov.bd

সদয় অবগতি এবং নিজ ও অধঃস্তন অফিসের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) উপ-মহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।

৪) পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
৬) জেলাপ্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার (তাঁর কার্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭) পুলিশ সুপার , সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
৮) সিভিল সার্জন , সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
৯) উপসচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০) উপসচিব, প্রেস-১ শাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, মীরের ময়দান, সিলেট সিলেট (বিজ্ঞপ্তিটি আগামী ২০ অক্টোবর ২০২৩ তারিখের পূর্বে কয়েকদিন বেতারে প্রচারের অনুরোধসহ)।
১২) পরিচালক, আনসার ও ভিডিপি, সিলেট।
১৩) আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সিলেট অঞ্চল, সিলেট।
১৪) ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, সিলেট।
১৫) ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস্, সিলেট।
১৬) উপ-পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট।
১৭) উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সিলেট।
১৮) উপ-পরিচালক, সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, উপশহর, সিলেট।
১৯) সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
২০) জেলা রেজিস্ট্রার, সিলেট।
২১) সহকারী পরিচালক, জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, সিলেট।
২২) জেলা তথ্য অফিসার , সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
২৩) জেলা কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার জেলা কমান্ড।
২৪) সম্পাদক/প্রকাশক, , সিলেট (সৌজন্যে সংবাদ প্রকাশের জন্য)।
২৫) উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা (নাজির), নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।